বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

IDRA

৩৭/এ, দিলকুশা বা/এ, ঢাকা
আইন/বিধি/প্রবিধান প্রণয়ন শাখা
আইন অনুবিভাগ
www.idra.org.bd

৫৩.০৩.০০০০.০৭৫.২২.০১৭.১৮.০৬ ০২ জানুয়ারি , ২০১৮

বিজ্ঞপ্তি

বিষয়ঃ খসড়া প্রবিধানমালার বিষয়ে মতামত প্রদান প্রসঙ্গে ।

সকলের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে লাইফ বীমাকারীর উদ্বৃত্ত বন্টণ প্রবিধানমালা, ২০১৮ এর খসড়া বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের নিজস্ব ওয়েবসাইটে আপলোড করা হয়েছে (www.idra.org.bd) ⟶ Latest News। উক্ত খসড়া প্রবিধানের বিষয়ে আপনার সুচিন্তিত মতামত প্রয়োজন। আপনার মতামত আগামী ১৫ দিনের মধ্যে ই-মেইলে (aindept.idra@gmail.com) অথবা বীমা উন্নয়ণ ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ বরাবর হার্ডকপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য নিধারিত সময়ের মধ্যে খসড়া প্রবিধানের বিষয়ে বিশেষজ্ঞগণ এবং সর্বসাধারণও মতামত প্রদান করতে পারবেন।

০২/০১/১৮
(ড. মহাঃ বশিরুল আলম)
পরিচালক (আইন)

সদয় অবগতি ও কার্যার্থে বিতরণ (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

১। সিনিয়র সচিব ,আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়)
২। ব্যবস্থাপনা পরিচালক, জীবন বীমা কর্পোরেশন,সাধারন বীমা কর্পোরেশন
৩। প্রেসিডেন্ট বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোসিয়েশন
৪। জনাব সাইদ কুতুব, উপ-সচিব (আর্থিক প্রতিষ্ঠান বিভাগ,অর্থ মন্ত্রণালয়)
৫। প্রেসিডেন্ট বাংলাদেশ ইন্স্যুরেন্স ফোরাম
৬। মুখ্য নির্বাহী কর্মকর্তা (লাইফ): আলফা ইসলামী লাইফ ইন্স্যুঃ লিঃ/বায়রা লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ/বেস্ট লাইফ ইন্স্যুঃ লিঃ/চার্টার্ড লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ/ডেল্টা লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ/ডায়মন্ড লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ/ফারইস্ট ইসলামী লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ/গোল্ডেন লাইফ ইন্স্যুঃ লিঃ/গার্ডিয়ান লাইফ ইন্স্যুঃ লিঃ/হোমল্যান্ড লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ/যমুনা লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ/মেঘনা লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ/মার্কেন্টাইল ইসলামী লাইফ ইন্স্যুঃ লিঃ/মেটলাইফ/ন্যাশনাল লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ/এনআরবি গেম্লাবাল লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ/পদ্মা ইসলামী লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ/প্রগতি লাইফ ইন্স্যুঃ লিঃ/পপুলার লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ/প্রাইম ইসলামী লাইফ ইন্স্যুঃ লিঃ/প্রগ্রেসিভ লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ/প্রোটেক্টিভ ইসলামী লাইফ ইন্স্যুঃ লিঃ/রূপালী লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ/সন্ধানী লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ/স্বদেশ লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ/সোনালী লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ/সানফ্লাওয়ার লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ/সানলাইফ ইন্স্যুঃ কোং লিঃ/ট্রাস্ট ইসলামী লাইফ ইন্স্যুঃ লিঃ/জেনিথ ইসলামী লাইফ ইন্স্যুঃ লিঃ।
৭।মুখ্য নির্বাহী কর্মকর্তা (নন-লাইফ): অগ্রণী ইন্স্যুঃ কোঃ লিঃ/এশিয়া ইন্স্যুঃ লিঃ/এশিয়া প্যাসিফিক জেনারেল ইন্স্যুঃ কোঃ লিঃ/বাংলাদেশ কো-অপারেটিভ ইন্স্যুঃ লিঃ/বাংলাদেশ জেনারেল ইন্স্যুঃ কোঃ লিঃ/বাংলাদেশ ন্যাশনাল ইন্স্যুঃ কোঃ লিঃ/সেন্ট্রাল ইন্স্যুঃ কোঃ লিঃ/সিটি জেনারেল ইন্স্যুঃ কোঃ লিঃ/কন্টিনেন্টাল ইন্স্যুঃ লিঃ/ক্রিষ্টাল ইন্স্যুঃ কোঃ লিঃ/দেশ জেনারেল ইন্স্যুঃ কোঃ লিঃ/ঢাকা ইন্স্যুঃ লিঃ/ইষ্টল্যান্ড ইন্স্যুঃ কোঃ লিঃ/ইষ্টার্ণ ইন্স্যুঃ কোঃ লিঃ/এক্সপ্রেস ইন্স্যুঃ লিঃ/ফেডারেল ইন্স্যুঃ কোঃ লিঃ/গেম্লাবাল ইন্স্যুঃ লিঃ/গ্রীণ ডেল্টা ইন্স্যুঃ কোঃ লিঃ/ইসলামী কমার্শিয়াল ইন্স্যুঃ কোঃ লিঃ/ইসলামী ইন্স্যুঃ বাংলাদেশ লিঃ/জনতা ইন্স্যুঃ কোঃ লিঃ/কর্ণফুলী ইন্স্যুঃ কোঃ লিঃ/মেঘনা ইন্স্যুঃ কোঃ লিঃ/মার্কেনটাইল ইন্স্যুঃ কোঃ লিঃ/নিটল ইন্স্যুঃ কোঃ লিঃ/নর্দার্ণ জেনারেল ইন্স্যুঃ কোঃ লিঃ/প্যারামাউন্ট ইন্স্যুঃ কোঃ লিঃ/পিপলস্ ইন্স্যুঃ কোঃ লিঃ/ফিনিক্স ইন্স্যুঃ কোঃ লিঃ/পাইওনিয়ার ইন্স্যুঃ কোঃ লিঃ/প্রগতি ইন্স্যুঃ কোঃ লিঃ/প্রাইম ইন্স্যুঃ কোঃ লিঃ/প্রভাতী ইন্স্যুঃ কোঃ লিঃ/পূরবী জেনারেল ইন্স্যুঃ কোঃ লিঃ/রিলায়েন্স ইন্স্যুঃ লিঃ/রিপাবলিক ইন্স্যুঃ কোঃ লিঃ/রূপালী ইন্স্যুঃ কোঃ লিঃ/সেনা কল্যাণ ইন্স্যুঃ কোঃ লিঃ/সিকদার ইন্স্যুঃ কোঃ লিঃ/সোনার বাংলা ইন্স্যুঃ লিঃ/স্ট্যান্ডার্ড ইন্স্যুঃ লিঃ/সাউথ এশিয়া ইন্স্যুঃ কোঃ লিঃ/তাকাফুল ইসলামী ইন্স্যুঃ লিঃ/ইউনিয়ন ইন্স্যুঃ কোঃ লিঃ/ইউনাইটেড ইন্স্যুঃ কোঃ লিঃ।

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (লাইফ বীমাকারীর উদ্বৃত্ত বন্টন) প্রবিধানমালা, ২০১৮

বীমা আইন, ২০১০ (২০১০ সালের ১৩ নম্বর আইন) এর ধারা ৮২ ও ৮৩ এবং ধারা ১৪৮ এ প্রদত্ত ক্ষমতাবলে কর্তৃপক্ষ নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিল, যথাঃ-

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন ।- (১) এই প্রবিধানমালা বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (লাইফ বীমাকারীর উদ্বৃত্ত বন্টন) প্রবিধানমালা, ২০১৮ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। সংজ্ঞা ।- (১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই প্রবিধানমালা-

(ক) "আইন" অর্থ বীমা আইন, ২০১০ (২০১০ সালের ১৩ নম্বর আইন);

(খ) "কর্তৃপক্ষ" অর্থ বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সালের ১২ নম্বর আইন) এর ধারা ০৩ এর বিধান অনুসারে গঠিত বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ;

(গ) "অংশগ্রহণকারী পলিসিগ্রাহক" অর্থ বীমা আইন, ২০১০ এর ২(৪) উপধারায় সংজ্ঞায়িত 'অংশগ্রহণকারী পলিসি'-এর গ্রাহক;

(ঘ) "অ-অংশগ্রহণকারী পলিসিগ্রাহক" অর্থ বীমা আইন ২০১০ এর ২(৪) উপধারায় সংজ্ঞায়িত 'অংশগ্রহণকারী পলিসি' এর পলিসি ব্যতীত অন্যান্য পলিসির গ্রাহক;

(২) এই বিধিমালায় যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা দেওয়া হয় নাই সেই সকল শব্দ বা অভিব্যক্তি বীমা আইন, ২০১০ (২০১০ সালের ১৩ নম্বর আইন), অথবা বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সালের ১২ নম্বর আইন) এ যেই অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থ প্রযোজ্য হইবে।

৩। লাইফ ফান্ড – এই প্রবিধানমালার উদ্দেশ্য পূরণকল্পে ১লা জানুয়ারি, ২০১৮ হইতে কার্যকর হইবে;

(১) বীমা আইন, ২০১০ (২০১০ এর ১৩ নম্বর আইন) এর ধারা ৮ অনুসারে নিবন্ধিত একজন লাইফ বীমাকারী অবশ্যই পৃথকভাবে নিম্নোক্ত তহবিল পরিচালনা করিবেন –

(ক) অংশগ্রহণকারী (participant) পলিসিগ্রাহকগণের জন্য একটি লাইফ ফান্ড তহবিল; এবং

(খ) অ-অংশগ্রহণকারী (non-participant) পলিসিগ্রাহকগণের জন্য একটি লাইফ ফান্ড তহবিল।

(২) উপ-প্রবিধান (১) এর শর্তাদি পরিপালনে ব্যর্থতার অর্থ হইবে যে, বীমাকারী কর্তৃক সংরক্ষিত লাইফ ফান্ড কেবলমাত্র অংশগ্রহণকারী পলিসিগ্রাহকগণের সুবিধার্থে ব্যবহৃত হইবে।

৪। **উদ্বৃত্ত বন্টনের পদ্ধতি** ।- একজন লাইফ বীমাকারী, তাহার একচ্যুয়ারির উপদেশক্রমে, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (একচ্যুয়ারিয়াল প্রতিবেদন ও এ্যাবস্ট্রাক্ট) প্রবিধানমালা, ২০১৮ অনুসারে একচ্যুয়ারিয়াল উদ্বৃত্তের (মূল্যায়নী উদ্বৃত্তে হিসেবে ও উল্লেখিত) একটি অংশ তাহার শেয়ারহোল্ডারগণের জন্য সংরক্ষণ করিতে পারেন, যাহা

(ক) অ-অংশগ্রহণকারী (non-participant) পলিসিগ্রাহকগণের জন্য সংরক্ষিত লাইফ ফান্ডের ক্ষেত্রে উদ্বৃত্তের একশত শতাংশ;

(খ) অংশগ্রহণকারী (participant) পলিসিগ্রাহকগণের জন্য সংরক্ষিত লাইফ ফান্ডের ক্ষেত্রে উদ্বৃত্তের অনুর্ধ্ব দশ শতাংশ হইবে।

কর্তৃপক্ষের আদেশক্রমে

(মোঃ শফিকুর রহমান পাটোয়ারী)

চেয়ারম্যান

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ